সংবাদ

তারিখ ... J. JUL. 2017 ...
পৃষ্ঠা ... ৭১ ... কলাম ... ২ ...

# বান্দরবান সরকারি মহিলা কলেজে ফলাফল বিপর্যয়

## এগিয়ে ক্যান্টম্যান্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজ

**প্রতিনিধি, বান্দরবান**

বান্দরবান সরকারি মহিলা কলেজে ২০১৭ সালের এইচএসসি পরীক্ষায় ফলাফল বিপর্যয় হয়েছে। বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগে ৪৫০ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে মাত্র ১৬৬ জন। শতকরা হিসেবে ৩৬.৮৯ ভাগ পাস করেছে। এর মধ্যে বিজ্ঞান বিভাগে ৬০ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৩৯ জন, মানবিক বিভাগে ২৬৩ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৭৫ জন এবং ব্যবসায় শিক্ষা বিভাগে ১৩০ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৫২ জন। সবচেয়ে বেশি খারাপ করেছে মানবিক বিভাগের শিক্ষার্থীরা। জানা গেছে, বান্দরবান জেলার পাঁচটি কলেজের মধ্যে পাসের হারে এগিয়ে রয়েছে বান্দরবান ক্যান্ট : পাবলিক স্কুল অ্যান্ড কলেজ। এ কলেজ থেকে ১২৯ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ১১৯ জন। জিপিএ-৫ পেয়েছে ৮ জন। দ্বিতীয় নাইক্ষ্যংছড়ি সরকারি হাজী এমএ কালাম ডিগ্রি কলেজ। ১৩৮ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ১২০ জন। এদিকে পাসের হার গত বছরের তুলনায় এ বছর বৃদ্ধি পেয়েছে বান্দরবান সরকারি কলেজে। এ কলেজে ৬৫০ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৩৫০ জন। একই চিত্র লামা মাতামুহুরী সরকারি ডিগ্রি কলেজের। এ কলেজ থেকে ৪০২ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ২১৩ জন। সবচেয়ে বেশি খারাপ ফলাফল করেছে বান্দবারবান সরকারি মহিলা কলেজ। জেলা শহরের বালাঘাটায় অবস্থিত হোস্টেল সুবিধা সম্বলিত মেয়েদের একমাত্র উচ্চ মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠান। হোস্টেল সুবিধা থাকায় বান্দরবান ও আশপাশের মেয়েরা এ কলেজে ভর্তি হয়। বর্তমানে এ কলেজে ৩টি বিভাগে ১৩ জন শিক্ষক, প্রায় ৮০০ শিক্ষার্থী রয়েছে। তবে বাংলা ও মানবিক বিষয়ে শিক্ষক সঙ্কট থাকায় পাসের হার খারাপ হয়েছে বলেন অধ্যক্ষ প্রদীপ বড়ুয়া।

তিনি বলেন, আমার কলেজে অনেক দিন ধরেই বাংলা ও মানবিক বিভাগে শিক্ষক সঙ্কট রয়েছে। অনেকবার বলার পরে কিছুদিন আগে বাংলা বিষয়ে একজন শিক্ষক দেয়া হয়েছে। শিক্ষক না থাকায় মেয়েরা এসব বিষয়ে খারাপ করেছে বলে মনে করেন। তবে টেবুলেশন শিট না আসার আগে সঠিক ভাবে বলা যাচ্ছে না কোন বিষয়ে বেশি খারাপ করেছে।